# সফটওয়্যারের কারুকাজ

## কমান্ড প্রম্পটে নতুন ফিচার এনাবল করা

উইন্ডোজ ১০-এ নতুন কমান্ড প্রম্পট ব্যবহারকারীকে কপি এবং পেস্ট করার জন্য Ctrl + C অথবা Ctrl + V কমান্ড আরও সহজভাবে ব্যবহার করার সুযোগ দেয়।

এ ফিচারকে অ্যাক্টিভেট করার জন্য কমান্ড প্রম্পট ওপেন করুন। এ জন্য টাইটেল বারে ডান ক্লিক করুন এবং 'Edit Options' সেকশনের অন্তর্গত নতুন ফিচার এনাবল করুন।

## একটি অ্যাপের ভিডিও রেকর্ড করা

যেকোনো ওপেন অ্যাপ অথবা ডেস্কটপ সফটওয়্যারের ভিডিও রেকর্ড করার জন্য আপনি উইন্ডোজ ১০-এর Game DVR ফাংশন ব্যবহার করতে পারেন। এবার গেম বার ওপেন করার জন্য Win + G চাপুন। এর রয়েছে একটি বৃত্তাকার Record বাটন। রেকর্ড করা ভিডিও সেভ হয় Video > Captures-এর অন্তর্গত ফোল্ডারে।

লক্ষণীয়, অ্যাপের ডিমান্ডের ওপর ভিত্তি করে রেকর্ডিং পারফরম্যান্স ধীর হতে পারে।

## ব্যাকগ্রাউন্ড অ্যাপ বন্ধ করা

ব্যাকগ্রাউন্ডে রান করা অ্যাপ রিসিভ করতে পারে ইনফো, সেন্ড করতে পারে নোটিফিকেশন এবং সবসময় আপডেট থাকতে পারে, এমনকি যখন সেগুলো ব্যবহার না করে থাকেন। এগুলো খুব সহায়ক হতে পারে, তবে প্রচুর পরিমাণে ব্যাটারি শক্তি এবং ডাটা ব্যবহার করে যদি মোবাইল হটস্পটের মাধ্যমে কানেক্টেড থাকে।

কোন অ্যাপগুলো ব্যাকগ্রাউন্ডে রানিং থাকবে এবং কিছু ব্যাটারি শক্তি এবং ডাটা সেভ করবে তা নিয়ন্ত্রণ করার জন্য Settings > Privacy > Background apps-এ অ্যাক্সেস করুন। ব্যাকগ্রাউন্ড থেকে রান করা সব অ্যাপ বন্ধ করার জন্য Let apps run in the background টোগাল Off করুন অথবা একই পেজে নিচের দিকে গিয়ে লিস্ট থেকে স্বতন্ত্রভাবে বেছে নিতে পারবেন কোন অ্যাপ ব্যাকগ্রাউন্ডে রান করবে।

## ফিঙ্গার প্রিন্ট দিয়ে পিসি আনলক করা

উইন্ডোজ ১০-এ বায়োমেট্রিক সিকিউরিটি ফিচার হিসেবে এক নতুন ফিচার যুক্ত করা হয়েছে, যা নাম উইন্ডোজ হ্যালো (Windows Hello)। যদি আপনার প্রয়োজনীয় হার্ডওয়্যার থাকে তাহলে ফিঙ্গারপ্রিন্ট ডিটেকশন অথবা ফেস রিকগনেশন ব্যবহার করতে হবে পিসিতে লগইন করার জন্য।

এজন্য Start > Settings > Accounts > Sign-in অপশনে নেভিগেট করুন বিভিন্ন অপশন এক্সপ্লোর করার জন্য।

বায়োমেট্রিক সিকিউরিটি ফিচার ব্যবহার করতে চাইলে উইন্ডোজ হ্যালো ফিচারের গাইডলাইন অনুসরণ করুন।

***ফখরুল হাসান***
*ধানমণ্ডি, ঢাকা*

## মাইক্রোসফট ওয়ার্ডের কিছু প্রয়োজনীয় টিপ

### ডকুমেন্ট ফাইলকে পিডিএফ এবং এইচটিএমএল ফাইলে রূপান্তর করা

ওয়ার্ড খুব সহজে আপনার doc ফাইলকে PDF অথবা HTML ফাইলে রূপান্তর করতে পারে। File > Save As-এ ক্লিক করে "Save as type" পুল-ডাউন মেনু দেখতে পারবেন। এটি PDF এবং Web Page-সহ বেশ কিছু অপশন প্রদান করে।

লক্ষণীয়, Web Page ফাংশন সম্পৃক্ত করতে পারে প্রচুর পরিমাণে বাড়তি কোড। এগুলো পেজে তেমন প্রভাব ফেলে না, তবে কিছুটা ঝামেলাদায়ক মনে হয় যদি কোনো কিছু পরিবর্তন করতে চান। আরেকটি অপশন হলো Word to Clean HTML-এর মতো ফ্রি কনভার্সন সাইট ব্যবহার হরা। এটি টেক্সট থেকে এইচটিএমএল কোড তৈরি, যা সরাসরি ওয়ার্ড ডকুমেন্ট থেকে কপি এবং পেস্ট করা হয়।

### প্লেন টেক্সটে রূপান্তর করা

যদি আপনি ওয়েব থেকে কিছু কনটেন্ট কপি করেন, তাহলে স্টাইল এবং ফরম্যাটিংও ওয়ার্ড ডকুমেন্টে অনুরূপভাবে কপি হবে। এই স্টাইল এবং ফরম্যাটিং অপসারণ করার জন্য কাঙ্ক্ষিত কনটেন্ট সিলেক্ট করে CTRL + Space Bar চাপুন।

### ওয়ার্ডের ক্যালকুলেটর ব্যবহার করা

মাইক্রোসফট ওয়ার্ডে একটি হিডেন ক্যালকুলেটর আছে। Word Options-G Quick Access Toolbar খুঁজে বের করুন এবং All Commands-এ সুইচ করে ক্যুইক অ্যাক্সেস টুলবারে Calculate Command যুক্ত করুন। একবার এই ক্যালকুলেটর এনাবল করার পর ডকুমেন্টে ম্যাথ এক্সপ্রেশন লিখে এটি সিলেক্ট করুন এবং Calculator বাটনে প্রেস করুন স্ট্যাটাস বারে ফলাফল দেখার জন্য।

### বিল্টইন থিসেরাস ব্যবহার করা

মাইক্রোসফট ওয়ার্ডে একটি বিল্টইন থ্রিসেরাস রয়েছে। যদি আপনি প্রতিশব্দ বা সমার্থ খুঁজতে চান, তাহলে ওয়ার্ডটিকে হাইলাইট করে Shift + F7 চাপুন বিভিন্ন ধরনের প্রতিশব্দ ভিউ করার জন্য।

### কপি পেস্ট ছাড়া টেক্সট মুভ করা

ওয়ার্ড ডকুমেন্টে কিছু টেক্সট এক জায়গা থেকে আরেক জায়গায় মুভ করার জন্য Ctrl + X এবং C trl + V ছাড়া আরেকটি সহজ বিকল্প উপায় হলো টেক্সটকে হাইলাইট করে শ২ চেপে কার্সরকে কাঙ্ক্ষিত জায়গায় রেখে এন্টার চাপুন টেক্সটকে মুভ করার জন্য।

***আবদুল আউয়াল***
*দক্ষিণ মুগদা, ঢাকা*

## এক্সেলের কিছু প্রয়োজনীয় টিপ

### এক্সেলে লাইন ব্রেক এবং টেক্সট র‌্যাপিং

স্প্রেডশিট সেলে টাইপ করা বেশ বিরক্তিকর কাজ, কেননা এক্সেলে টেক্সটের জন্য ডিফল্ট হলো নিচের লাইনে টেক্সট র‌্যাপ না করে অব্যাহতভাবে টাইপ হতে থাকে। আপনি ইচ্ছে করলে এটি পরিবর্তন করে নিতে পারেন। এক্সেলে নতুন লাইন তৈরি করার জন্য Alt + Enter চাপুন অথবা স্ক্রিনে উপরে Home ট্যাবের অন্তর্গত Wrap Text option-এ ক্লিক করুন। এর মানে হচ্ছে সব টেক্সট সেলের প্রান্ত থেকে র‌্যাপ করবে। রিসাইজ করবে সারি/কলাম এবং টেক্সট রি-র‌্যাপ করবে ফিট হওয়ার জন্য।

### ট্রান্সপোজ করার জন্য পেস্ট স্পেশাল

ধরুন, আপনার এক্সেল ডকুমেন্টে কিছু সারির এন্ট্রিকে কলামে অথবা কলামের ডাটাকে সারিতে ট্রান্সপোজ করতে চান। আপনি ইচ্ছে করলে এ কাজটি সেল বাই সেল করতে পারেন, তবে তা হবে খুব সময় সাপেক্ষ ব্যাপার। তাই ওই ডাটাকে কপি করুন এবং Paste Special সিলেক্ট করুন। এবার Transpose box চেক করে OK করুন ভিন্ন ওরিয়েন্টেশনে পেস্ট করার জন্য। এভাবে কলামকে সারিতে এবং সারিকে কলামে ট্রান্সপোজ করতে পারবেন।

***জেসমিন বেগম***
*সাহেব বাজার, রাজশাহী*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০/-, ৮৫০/- ও ৭০০/০ টাকা পুরস্কার দেয়অ হয়। সেরা ৩ টিপ্স ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার **কমপিউটার জগৎ**-এর **বিসিএস কমপিউটার সিটি অফিস** থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই **পরিচয়পত্র** দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে– **ফখরুল হাসান, আবদুল আউয়াল ও জেসমিন বেগম**।*